



জেলা পরিষদ কার্যালয়
(প্রশাসনিক শাখা)
বাগেরহাট
www.zpbagerhat.gov.bd

স্মারক নং- ৪৬.৪২.০১০০.০০১.৩৫.০০৭.২০২৫-১৩২(৪১৮)

তারিখঃ ২২ জুন, ২০২৬খ্রি.

বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, বাগেরহাট জেলা পরিষদ কর্তৃক ২০২৫-২৬ অর্থবছরের রাজস্ব বাজেট বরাদ্দের আওতায় ২০২৫ সালে অনুষ্ঠিত এস.এস.সি/সমমান এবং এইচ.এস.সি/সমমান পরীক্ষায় কৃতিত্বের সাথে উত্তীর্ণ এবং দেশের বিভিন্ন সরকারি বিশ্ববিদ্যালয়/মেডিকেল কলেজ এ ভর্তির সুযোগপ্রাপ্ত মোট ৪১৮ জন মেধাবী ছাত্র-ছাত্রীদের মাঝে আগামী ২৭ জুন, ২০২৬ খ্রি. রোজ শনিবার সকাল ১০.০০ ঘটিকায় জেলা পরিষদ অডিটরিয়াম, শালতলা, বাগেরহাটে এককালীন শিক্ষাবৃত্তির অর্থ ও বিশেষ সম্মাননা প্রদান করা হবে।

উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী জনাব শেখ ফরিদুল ইসলাম এমপি মহোদয় এবং বিশেষ অতিথি হিসেবে উপস্থিত থাকবেন সাবেক সচিব ডঃ মোঃ ফরিদুল ইসলাম।

সম্মানিত অতিথি হিসেবে উপস্থিত থাকবেন জেলা প্রশাসক, বাগেরহাট; পুলিশ সুপার, বাগেরহাট; অধ্যক্ষ, সরকারি প্রফুল্ল চন্দ্র কলেজ ও অধ্যক্ষ, খানজাহান আলী ডিগ্রি কলেজ, বাগেরহাট মহোদয়গণ। অত্রাফিস হতে শিক্ষাবৃত্তির জন্য নির্বাচিত ছাত্র-ছাত্রীদের এ বিষয়ে দ্রুত টেলিফোনিক যোগাযোগ করে বিষয়টি অবহিত করা হবে।

উক্ত অনুষ্ঠানে সভাপতিত্ব করবেন ব্যারিস্টার শেখ মোহাম্মদ জাকির হোসেন, প্রশাসক, জেলা পরিষদ, বাগেরহাট মহোদয়।

এমতাবস্থায়, বৃত্তিপ্রাপ্ত মেধাবী ছাত্র-ছাত্রীদের শিক্ষাবৃত্তির অর্থ গ্রহণের নিমিত্ত ঐ দিন সকাল ৮.০০ ঘটিকায় জেলা পরিষদ অডিটরিয়াম শালতলা, বাগেরহাট-এ উপস্থিত হয়ে রেজিস্ট্রেশন প্রক্রিয়া সম্পন্ন করে শিক্ষাবৃত্তির অর্থ গ্রহণ করার জন্য বলা হল। উল্লেখ্য যে, রেজিস্ট্রেশনকালে নিজ জন্ম নিবন্ধন/জাতীয় পরিচয়পত্রের ফটোকপি/স্ব স্ব শিক্ষা প্রতিষ্ঠান প্রধান কর্তৃক প্রদত্ত পরিচয় পত্র অবশ্যই সাথে করে নিয়ে আসতে হবে।

শিক্ষাবৃত্তিপ্রাপ্ত সকল ছাত্র-ছাত্রী
ও
অভিভাবকবৃন্দ

(মোঃ আবু রিয়াদ)
প্রধান নির্বাহী কর্মকর্তা(ভারপ্রাপ্ত)
জেলা পরিষদ, বাগেরহাট।
ফোন নং-০২৪৭৭-৭৫২৪৮১
Email: zpbagerhat@lgd.gov.bd